



প্রিয় গ্রাহক,

সম্ভাব্য আর্থিক ও আইনগত ঝুঁকি পরিহারের লক্ষ্যে বাংলাদেশ ব্যাঙ্ক এর বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক জারিকৃত সার্কুলার অনুযায়ী বিভিন্ন বিদেশী ভার্চুয়াল অ্যাসেট সার্ভিস প্রোভাইডার (VASP) এর ওয়েবসাইট/ আপের মাধ্যমে বাংলাদেশ এর কোনো তফসিলি ব্যাংকের একাউন্ট ব্যবহার করে ভার্চুয়াল কারেন্সী/ ক্রিপেটা কারেন্সী, ফরেন কারেন্সী ইত্যাদির লেনদেন ক্রয়-বিক্রয়, পুনঃবিক্রয়, স্থানান্তর/বাণিজ্য সংক্রান্ত কোনো কার্যক্রম না করার জন্য অথবা এরূপ কোনো ধরণের কাজে সহায়তা না করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন এক্ট অনুসারে ভার্চুয়াল কারেন্সী/ক্রিপেটা কারেন্সী লেনদেন/বিনিয়োগের কোনো বৈধ মাধ্যম নয়। এ ধরণের মুদ্রা কোনো আইনগত আর্থিক দাবির অধিকার রাখে না এবং এগুলো কোনো রাষ্ট্র বা আইনগত কাঠামো দ্বারা পরিচালিত নয়।

আমাদের গ্রাহকদের সচেতনতা তৈরির জন্য এই বিজ্ঞপ্তিটি দেওয়া হলো।

ধন্যবাদান্তে

এইচএসবিসি বাংলাদেশ